

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী :-

স্থান :- উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়, লাকসাম, কুমিল্লা।

সময় :- সকাল ১১.০০ ঘটিকা।

তারিখ :- ১০/০২/২০২২ খ্রিঃ

সভাপতি :- জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

আলোচ্যসূচী :-

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। মাঠে চলমান কার্যক্রমের বর্তমান পরিস্থিতি।
- ৩। সবজি ফসলে সেক্স ফেরোমন ব্যবহার সংক্রান্ত।
- ৪। বিবিধ।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রম	উপস্থিত সদস্যের নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব সৈয়দ শাহিনুর ইসলাম	উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা	স্বাক্ষরীত
২	জনাব নিজাম উদ্দীন শামীম	চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৩	জনাব আবদুর রশিদ সওদাগর	চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৪	জনাব মো: নজরুল ইসলাম	চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ

জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লাকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচী-০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-

সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন রূপ সংশোধন ছাড়াই বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

আলোচ্যসূচী-০২। মাঠের বর্তমান পরিস্থিতি:-

সদস্য সচিব সভায় জানান, মাঠে বর্তমানে আউশ ও গ্রীষ্মকালীন শাক-সবজি রয়েছে। মাঠের বর্তমান পরিস্থিতি ভাল রোগ বালাই ও পোকামাকড় এর তেমন কোন আক্রমণ নাই। উপসহকারী কৃষি অফিসারগণ যথারীতি মাঠে কৃষকদের প্রযুক্তি সহায়তা দিচ্ছেন।


সিদ্ধান্ত:- মাঠের বর্তমান অবস্থা ভাল থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী-০৩। সবজি ফসলে সেক্স ফেরোমন ব্যবহার সংক্রান্ত:-

সদস্য সচিব সভায় জানান বিষমুক্ত সবজি উৎপাদনের জন্য সবজি জমিতে সেক্স ফেরোমন ট্রাপ ব্যবহার একটি জনপ্রিয় প্রযুক্তি। মাঠে কৃষকগণ সবজি জমিতে সেক্স ফেরোমন ট্রাপ ব্যবহার করে থাকেন। সাধারণত সবজি জমিতে পোকা মাকড় এর আক্রমণ বেশি হয় বিধায় কৃষকগণ যত্রতত্র কীটনাশক ব্যবহার করে উৎপাদিত পণ্য বাজারজাত করে থাকেন ফলে এ সব কীটনাশক যুক্ত সবজি মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। ফেরোমন ট্রাপ ব্যবহার করলে জমিতে কীটনাশক প্রয়োগ করতে হয় না বিধায় উৎপাদিত সবজি নিরাপদ। এমতাবস্থায়, লাকসাম উপজেলায় খরিফ-১ মৌসুমে ১০ হেক্টর কুমড়া জাতীয় সবজি জমিতে ফেরোমন ট্রাপ ব্যবহারের লক্ষ্যমাত্রার বিপরীতে ১২০০টি কিউ ফেরো ও ১২০০ টি পট উপজেলা পরিষদের এডিবি তহবিলের কৃষি ও সেচ খাত থেকে আর্থিক সহায়তার মাধ্যমে কর্মসূচী বাস্তবায়ন করা সম্ভব।

সিদ্ধান্ত:- উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় বিষয়টি উত্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মহব্বত আলী)
ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা

স্মারক নং- ১১৬

তারিখঃ-১০/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০৪। ----- সদস্য (সকল), উপজেলা কৃষি ও সেচ কমিটি, লাকসাম, কুমিল্লা।
- ০৫। সংরক্ষণ নথি।



(সৈয়দ শাহিনুর হোসেন)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি

লাকসাম, কুমিল্লা।